**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

## সংবাদ গতিধারা

**ঢাকা, রোববার ২৮ জুন ২০১৫, ১৪ আষাঢ় ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রধান বিচারপতির দেওয়া ইফতার মাহফিলে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী
: কুয়েত ও ফ্রান্সে সন্ত্রাসী হামলায় প্রধানমন্ত্রীর নিন্দা

২। বাংলাদেশের ৫৬ ব্যাংকে খেলাপি ঋণ ৫৫ হাজার কোটি টাকা : সংসদে প্রশ্নোত্তরে অর্থমন্ত্রী

৩। ২০১৭ সালের ডিসেম্বরের মধ্যে বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ
: সংসদে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

৪। মালয়েশিয়া ৬ মাসের মধ্যেই ৫ লাখ কর্মী নেবে

৫। কারিগরি ত্রুটির কবলে কলেজে ভর্তির ফল
- আজ প্রকাশ হবে : শিক্ষা সচিব

৬। ভোজ্যতেলের আড়ালে তরল কোকেন
: ল্যাবরেটরি পরীক্ষায় ধরা পড়ল চট্টগ্রাম বন্দরে আসা ৩শ' কোটি টাকার চালান

৭। ঈদে বেতন-বোনাস সঙ্কট নিরসনে নজরদারিতে দেড় হাজার গার্মেন্টস কারখানা

৮। মেহেরপুরের গাংনীতে ৫৬ অ্যানথ্রাক্স রোগী শনাক্ত
: আক্রান্ত গবাদিপশুর মাংস ধরা ও খাওয়া থেকে বিরত থাকার পরামর্শ

৯। ঈদকে সামনে রেখে সীমান্তে অবৈধপথে বেড়েছে তৈরি পোশাকের চোরাচালান
: উদ্বিগ্ন বৈধপথে পোশাক আমদানিকারক ব্যবসায়ীরা

১০। টানা বর্ষণে দেশের বিভিন্ন স্থান প্লাবিত : জনদুর্ভোগ বৃদ্ধি

চলমান পাতা/২

১। প্রধান বিচারপতির দেওয়া ইফতার মাহফিলে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী

: কুয়েত ও ফ্রান্সে সন্ত্রাসী হামলায় প্রধানমন্ত্রীর নিন্দা

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ গতকাল ২৭ জুন শনিবার প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার দেওয়া ইফতার অনুষ্ঠানে যোগ দিয়েছেন। এছাড়া প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীও বাংলাদেশ সুপ্রিম কোর্ট প্রাঙ্গণে আয়োজিত ইফতার মাহফিলে যোগ দেন। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা অতিথিদের টেবিলে যান এবং তাদের সঙ্গে কুশল বিনিময় করেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৬), সমকাল (শেষ পৃ.,ক.৫), ডেইলি অবজারভার (শেষ পৃ.,ক.৭)।

এদিকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কুয়েত নগরীর একটি মসজিদ ও ফ্রান্সের লিয়ন শহরের কাছে একটি গ্যাস কারখানায় সন্ত্রাসী হামলার কঠোর নিন্দা জানিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, 'নিষ্ঠুর সন্ত্রাসী বাহিনী পুনরায় যে কাপুরুষোচিত হামলা চালিয়েছে তা সভ্য মানবতার সম্মিলিত প্রচেষ্টায় অবশ্যই সম্পূর্ণ নির্মূল করতে হবে।' প্রধানমন্ত্রী শেখ হাসিনা সন্ত্রাসবাদ ও উগ্রবাদের বিরুদ্ধে তাঁর সরকারের জিরো টলারেন্সের কঠোর নীতির কথাও পুনর্ব্যক্ত করেন। তিনি আরও বলেন, বাংলাদেশ যে কোনো সন্ত্রাসের নিন্দা জানায়। সূত্র-যুগান্তর (পৃ.৩,ক.৩), ইন্ডিপেনডেন্ট (পৃ.২,ক.৬), ডেইলি সান (পৃ.১,ক.১)।

২। বাংলাদেশের ৫৬ ব্যাংকে খেলাপি ঋণ ৫৫ হাজার কোটি টাকা : সংসদে প্রশ্নোত্তরে অর্থমন্ত্রী

বাংলাদেশের ৫৬টি ব্যাংকে মোট খেলাপি ঋণের পরিমাণ ৫৪ হাজার ৬৫৭ কোটি ৬৯ লাখ টাকা। গতকাল ২৭ জুন শনিবার জাতীয় সংসদে টেবিলে উপস্থাপিত এক প্রশ্নের জবাবে এই তথ্য জানালেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৬), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.২), নিউ নেশন (পৃ.১,ক.২), ডেইলি অবজারভার (পৃ.১৭,ক.১)। সংবাদ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৩। ২০১৭ সালের ডিসেম্বরের মধ্যে বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ : সংসদে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

২০১৭ সালের ডিসেম্বরের মধ্যে 'বঙ্গবন্ধু স্যাটেলাইট' উৎক্ষেপণ সম্ভব হবে বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন, ২০১২ সালের জানুয়ারিতে মহাকাশে বাংলাদেশের প্রথম স্যাটেলাইট 'বঙ্গবন্ধু স্যাটেলাইট' উৎক্ষেপণের লক্ষ্যে প্রকল্প গ্রহণ করা হয়। ওই প্রকল্পের আওতায় আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে 'স্পেস পার্টনারশিপ ইন্টারন্যাশনাল (এসপিআই)' নামক পরামর্শক প্রতিষ্ঠান 'টার্মস অব রেফারেন্স (টিওআর)' অনুযায়ী কাজ করে যাচ্ছে। গতকাল ২৭ জুন শনিবার সংসদে এক প্রশ্নের জবাবে সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী এ কথা বলেন। সূত্র-ইনকিলাব (পৃ.১২,ক.৬), সংবাদ (পৃ.১,ক.৮), ডেইলি অবজারভার (পৃ.১১,ক.৬), বাংলাদেশ টুডে (পৃ.২,ক.১)।

৪। মালয়েশিয়া ৬ মাসের মধ্যেই ৫ লাখ কর্মী নেবে

মালয়েশিয়া এক বছরে বাংলাদেশ থেকে ৫ লাখ কর্মী নিয়োগের ঘোষণা দিয়েছে। কৃষি, নির্মাণ, ফার্নিচার কারখানাসহ বেশ কয়েকটি সেক্টরে তাঁরা কর্মী নিয়োগ দেবে। চুক্তি অনুযায়ী সবকিছু ঠিক থাকলে আগামী ছয় মাসের মধ্যে ৫ লাখ কর্মী নেবে। জিটুজি ও জনশক্তি রপ্তানিকারকদের মাধ্যমে এই কর্মী নিয়োগ দেওয়া হবে। প্রবাসীকল্যাণ এবং বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেনের নেতৃত্বে একটি প্রতিনিধিদল মালয়েশিয়া সফরের পর এ তথ্য জানানো হয়। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৫), ডেইলি অবজারভার (শেষ পৃ.,ক.১)।

৫। কারিগরি ত্রুটির কবলে কলেজে ভর্তির ফল

- আজ প্রকাশ হবে : শিক্ষা সচিব

কারিগরি ত্রুটির কবলে পড়েছে একাদশ শ্রেণিতে ভর্তিচ্ছুদের মেধাক্রম নির্ণয়ের ফল। গত ২৫ জুন বৃহস্পতিবার ঢাকা শিক্ষা বোর্ডের এ ফল প্রকাশের কথা ছিল। এ জন্য বোর্ড কর্তৃপক্ষ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) তৈরি করা একটি সফটওয়্যারের সহায়তা নিয়েছে। তবে সফটওয়্যার সার্ভারে এত অধিক আবেদনকারীর ধারণক্ষমতা না থাকায় জটিলতা তৈরি হয়েছে। একইসঙ্গে ফল প্রকাশের সংশ্লিষ্ট ওয়েবসাইটও দু'বার হ্যাক করার চেষ্টা হয়েছে। ফলে বারবার পিছিয়ে যাচ্ছে ২০১৫-১৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের ফল প্রকাশ। তবে শিক্ষা সচিব নজরুল ইসলাম খান জানিয়েছেন, আজ ২৮ জুন রোববার এ ফল প্রকাশ করা হবে। সূত্র-সমকাল (পৃ.১,ক.৮), নিউ এজ (পৃ.১,ক.৩), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১)। ভোরের কাগজ, যুগান্তর এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৬। ভোজ্যতেলের আড়ালে তরল কোকেন

: ল্যাবরেটরি পরীক্ষায় ধরা পড়ল চট্টগ্রাম বন্দরে আসা ৩শ' কোটি টাকার চালান

চট্টগ্রাম বন্দরে ধরা পড়ল অন্তত ৩০০ কোটি টাকার নিষিদ্ধ কোকেনের চালান। সূর্যমুখী তেল ঘোষণা দিয়ে তরল এই কোকেন আমদানি করে চট্টগ্রামের খাতুনগঞ্জের প্রতিষ্ঠান খানজাহান আলী। ব্যাংকে এলসি না খুলে ভুয়া কাগজ তৈরি করে বলিভিয়া থেকে আনা হয় কোকেন মেশানো এই সূর্যমুখী তেল। ১০৭টি ড্রামে ভরে ২০ টন তেল আনা হলেও তার একটিতে ছিল তরল কোকেন। ৯৬ নম্বর ড্রামে থাকা ১৮৫ কেজি সূর্যমুখী তেল ল্যাবরেটরিতে

পরীক্ষা করে কোকেন থাকার বিষয়টি নিশ্চিত হয়েছে শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর। সূত্র-নিউজ টুডে (পৃ.১,ক.১), নিউ এজ (শেষ পৃ.,ক.৬)। প্রথম আলো, সমকাল এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৭। ঈদে বেতন-বোনাস সঙ্কট নিরসনে নজরদারিতে দেড় হাজার গার্মেন্টস কারখানা

বিগত ঈদের ন্যায় গার্মেন্টস শ্রমিকদের বেতন-বোনাস নিয়ে সঙ্কট সৃষ্টি হতে পারে এমন দেড় হাজার কারখানার তালিকা তৈরি করা হয়েছে। সাব কন্ট্রাকটিং করে এমন ছোট ও মাঝারি আকারের কারখানাই মূলত এ তালিকায় রয়েছে। শিল্পাঞ্চল পুলিশ, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি) ও গোয়েন্দা সংস্থার সমন্বয়ে পোশাক মালিকদের সংগঠন বিজিএমইএ এসব কারখানাকে চিহ্নিত করেছে। ঈদের আগে এসব কারখানাকে বিশেষ নজরদারিতে রাখা হবে। সরকারের নির্দেশে ইতোমধ্যে এ লক্ষ্যে বিজিএমইএ ১৫টি আলাদা মনিটরিং টিম গঠন করেছে। ঈদের আগে সম্ভাব্য শ্রম অসন্তোষ এড়াতে শিল্পাঞ্চল পুলিশও নজরদারি করছে। এছাড়া সাভারসহ শিল্পাঞ্চল এলাকা ক্লোজ সার্কিট ক্যামেরার (সিসি ক্যামেরা) আওতায় আনার চিন্তা করা হচ্ছে। সূত্র-ইত্তেফাক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৮। মেহেরপুরের গাংনীতে ৫৬ অ্যানথ্রাক্স রোগী শনাক্ত

: আক্রান্ত গবাদিপশুর মাংস ধরা ও খাওয়া থেকে বিরত থাকার পরামর্শ

মেহেরপুরের গাংনী উপজেলার বিভিন্ন গ্রামে গত তিন মাসে ৫৬ জন অ্যানথ্রাক্স বা তড়কা রোগী শনাক্ত করেছে জেলা স্বাস্থ্য বিভাগ। রোগাক্রান্ত গরুসহ বিভিন্ন গবাদিপশুর সংস্পর্শে এলে বা জবাই করার পর মাংস নাড়াচাড়া করলে ও তা খেলে এই রোগ ছড়ায় বলে এ ব্যাপারে সতর্ক থাকতে স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে পরামর্শ দেওয়া হয়েছে। মেহেরপুর জেলা সিভিল সার্জন আজিজুর রহমান সিদ্দীক গাংনীতে ৫৬ জন অ্যানথ্রাক্স রোগী শনাক্ত করার বিষয়টি নিশ্চিত করেন। সূত্র-প্রথম আলো (পৃ.২,ক.২)।

৯। ঈদকে সামনে রেখে সীমান্তে অবৈধপথে বেড়েছে তৈরি পোশাকের চোরাচালান

: উদ্বিগ্ন বৈধপথে পোশাক আমদানিকারক ব্যবসায়ীরা

ঈদকে সামনে রেখে যশোরের সীমান্ত অঞ্চল দিয়ে তৈরি পোশাকের চোরাচালান বেড়ে গেছে। প্রতিদিন এ পথে কোটি কোটি টাকার পোশাক শুল্ক ফাঁকি দিয়ে চোরাচালান হয়ে আসছে। অভিযোগ রয়েছে, ঈদের বাজার ধরতে বিজিবি ও বিভিন্ন আইন প্রয়োগকারী সংস্থার কতিপয় অসাধু কর্মকর্তা-সদস্যদের সঙ্গে সখ্যর কারণে পণ্য পাচার বেড়েছে। আর বৈধ আমদানিকারকরা বারবার বিজিবিসহ আইনশৃঙ্খলা বাহিনীর হাতে হয়রানির শিকার হয়ে আমদানিতে আগ্রহ হারাচ্ছেন ও উদ্বিগ্ন হয়ে পড়েছেন বৈধপথে পোশাক আমদানিকারক ব্যবসায়ীরা। সে কারণে সরকারের কোটি কোটি টাকা রাজস্ব আয় থেকে বঞ্চিত হওয়ার আশঙ্কা রয়েছে। সূত্র-ভোরের কাগজ (শেষ পৃ., ক.২)।

১০। টানা বর্ষণে দেশের বিভিন্ন স্থান প্লাবিত : জনদুর্ভোগ বৃদ্ধি

উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢল ও টানা বর্ষণে কক্সবাজারে বন্যা পরিস্থিতির আরো অবনতি হয়েছে। পানিবন্দি হয়ে পড়েছে অন্তত ১০ লাখ মানুষ। টেকনাফে গাছ চাপায় মা-মেয়ের এবং রামুতে পানিতে ডুবে ৩ জনের মৃত্যু হয়েছে। ভারী বর্ষণ ও পাহাড়ি ঢলে বৃহত্তর চট্টগ্রামে নদী খালে পানি বেড়েই চলেছে। সেই সাথে অব্যাহত রয়েছে সামুদ্রিক জোয়ারের তোড়। ফলে বেশ কয়েকটি নদী ও খালে পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। প্লাবিত হচ্ছে নতুন নতুন এলাকা। চট্টগ্রাম বন্দরের বহির্নোঙ্গরে পণ্য ওঠানামা বন্ধ রয়েছে। ফরিদপুরে টানা বর্ষণে জনজীবন বিপর্যস্ত এবং নিম্ন আয়ের মানুষ ক্ষতির মুখে পড়েছে। সাতক্ষীরায় শ্যামনগরে কয়েক কিলোমিটার বাঁধ সুন্দরবন সংলগ্ন নদ-নদীর ঢেউয়ে ধসে গেছে। যশোরে অতিবর্ষণে বিভিন্ন এলাকা তলিয়ে গেছে। সূত্র-ইনকিলাব (শেষ পৃ.,ক.২), সংবাদ (পৃ.১,ক.৫), নিউজ টুডে (পৃ.১,ক.৬)। বাংলাদেশ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : সুন্দরবনের জন্য ক্ষতিকর হওয়ায় রামপাল বিদ্যুৎ প্রকল্পে তিনটি ফরাসি ব্যাংক ও নরওয়ের দুটি পেনশন ফান্ড বিনিয়োগ না করার সিদ্ধান্ত নেওয়ার কথা উল্লেখ করে পরিবেশবাদীদের হুঁশিয়ারি, বিনিয়োগে আপত্তি ও বিশেষজ্ঞদের আহ্বান আমলে নিয়ে বিকল্প কোনো স্থানে প্রকল্পটি সরিয়ে নেওয়ার সুপারিশ;

খ. ইত্তেফাক, যায়যায়দিন : বাংলাদেশ ৮৪তম স্থান নিয়ে বিশ্বে মধ্য শান্তির দেশগুলির কাতারে অবস্থান নেওয়ার পেছনে ক্ষমতা পরিবর্তনে সমঝোতাহীনজনিত সংঘাত এবং ধর্মীয় উগ্রবাদের কর্মকাণ্ডই দায়ী বলে মন্তব্য;

গ. সংবাদ : শেয়ার বাজারে আস্থা ফিরিয়ে আনতে সম্ভাবনাময় কোম্পানিগুলোকে বেশি বেশি তালিকাভুক্ত করার ওপর গুরুত্বারোপ;

ঘ. সমকাল : দেশের উত্তরাঞ্চলে ও দক্ষিণাঞ্চলে নদ-নদীর পানি উপচে ও বৃহত্তর চট্টগ্রাম অঞ্চলে মানুষ পানিবন্দি হওয়ার পাশাপাশি পাহাড় ধসে প্রাণ হারানোয় উদ্বেগ প্রকাশ করে বন্যা, নদী ভাঙন ও পাহাড় ধস মোকাবিলায় আগাম প্রস্তুতির আহ্বান;

ঙ. যুগান্তর : সিআইডির একটি টিম অভিযান চালিয়ে রাজধানীর দারুস সালামের একটি বাসা থেকে ৬০ কোটি টাকার জাল জুডিশিয়াল, নন-জুডিশিয়াল ও বিভিন্ন অংকের রেভিনিউ স্ট্যাম্প আটক করার কথা উল্লেখ করে এ ঘটনার সাথে জড়িতদের কঠোর শাস্তির দাবি;

চ. ডেইলি স্টার : সম্প্রতি দিনাজপুরে কীটনাশক দেওয়া লিচু খেয়ে ১১ শিশুর অকাল মৃত্যু ঘটায় চাষিদের কীটনাশকের মাত্রাতিরিক্ত ব্যবহার সম্পর্কে সচেতন করার জন্য যথাযথ কর্তৃপক্ষকে আহ্বান;

ছ. ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান : ব্যবসায়িক স্বার্থে নতুন নতুন বেসরকারি বিশ্ববিদ্যালয় গড়ে তোলার চেয়ে বিদ্যমান বিশ্ববিদ্যালয়গুলোতে মানসম্পন্ন শিক্ষা প্রদানে যত্নশীল হওয়ার জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ;

জ. ডেইলি সান : নারী ক্ষমতায়ন অথবা নারী অধিকার নিয়ে আমরা সোচ্চার হলেও এসিড সন্ত্রাস প্রতিরোধে কোনো কার্যকর ব্যবস্থা নেওয়া হচ্ছে না উল্লেখ করে এ কাজে জড়িতদের কঠোর শাস্তির দাবি;

ঝ. ডেইলি অবজারভার : ফ্রান্স, তিউনিশিয়া এবং কুয়েতে সন্ত্রাসী হামলা বিশ্বব্যাপী ছড়িয়ে পড়া সন্ত্রাসী কর্মকাণ্ডের একটি নজির যা আমাদের এ সন্ত্রাস মোকাবিলায় ঐক্যবদ্ধভাবে কাজ করার কথা স্মরণ করিয়ে দেয় বলে উল্লেখ করা হয়েছে;

ঞ. ফিনানশিয়াল এক্সপ্রেস : বাংলাদেশে প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগ কমে যাওয়া উদ্বেগজনক উল্লেখ করে এর দায়ভার বিভিন্ন সংস্থার উপর না চাপিয়ে বরং কি কি কারণে বিদেশি এবং স্থানীয় উদ্যোক্তারা বিনিয়োগে নিরুৎসাহিত হচ্ছে তা খুঁজে বের করে বিনিয়োগের জন্য সুষ্ঠু রাজনৈতিক ও গণতান্ত্রিক পরিবেশ নিশ্চিত করা এবং বিনিয়োগের জন্য অবকাঠামো, পর্যাপ্ত শক্তি ও জ্বালানি বরাদ্দ রাখার পরামর্শ জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে খাদ্যে ভেজাল সৃষ্টিকারীদের দৃষ্টান্তমূলক কঠোর শাস্তি দিলে খাদ্যে ভেজাল রোধ করা সম্ভব বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত 'নারীর মানবাধিকার এবং ক্ষমতায়ন' শিরোনামের নিবন্ধে মো. মাইনুল ইসলাম টেকসই উন্নয়নের লক্ষ্যে নারীর ক্ষমতায়নের জন্য তাদের ন্যায্য অধিকারসমূহ পরিপূর্ণভাবে নিশ্চিত করা একান্ত জরুরি বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা